

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৫৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - নাম রাখা

### بَابُ الْأَسْمَاءِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ أَرَادَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَنْهَى عَنْ أَنْ يُسَمَّى بِيَعْلَى وَبِبَرَكَةَ وَبِأَفْلَحَ وَبِيسَارٍ وَبِنَافِعٍ وَبِنَحْوِ ذَلِكَ. ثُمَّ سَكَتَ بَعْدُ عَنْهَا ثُمَّ قُبِضَ وَلَمْ يَنْهَ عَنْ ذَلِكَ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪৭৫৪-[৫] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইচ্ছা করলেন যে, তিনি লোকেদেরকে ইয়া'লা, বারাকাহ, আফলাহ, ইয়াসার, নাবি' এবং অনুরূপ নাম রাখতে নিষেধ করবেন। তারপর দেখলাম, তিনি ইচ্ছা পোষণ করার পর নিশুপ থাকলেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইত্তিকাল হলো, অথচ তিনি এরূপ নাম রাখতে নিষেধ করেননি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩-(২১৩৮), আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৭৮৯, সহীহ আল আদাবুল মুফরাদ ৬৪২ সিলসিলাতুস্ সহীহাহ্ ২১৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ জাবির (রাঃ) বর্ণিত হাদীসে يعلى, بركة, افلح, يسار, نافع (নাবি', ইয়াসার, আফলাহ, বারাকাহ, ইয়া'লা-) এ জাতীয় আরো নাম এবং সামুরাহ্ (রাঃ) বর্ণিত হাদীসে আবু দাউদ ও ইবনু মাজাহ বর্ণনা করেন চারটি নাম افلح, يسار, نافع, رباح (রবাহ, নাবি', ইয়াসার, আফলাহ) এবং আবদুল্লাহ ইবনু মাস্'উদ বর্ণিত হাদীসে ইমাম ত্ববারানী হাসান সনদে বর্ণনা করেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, افلح, نجیح, يسار, حرب, وليذ, ابراهيم, ابراهيم, ابراهيم (ওয়ালীয, হারব, ইয়াসার, নাজীহ, আফলাহ, আবুল হাকাম, আল হাকাম, امرأة

আমরিআহ্/আমরাআহ্) এবং ইমাম ত্ববারানী (রহিমাল্লাহ) বুরয়দাহ্ হতে বর্ণিত كلب, كلب কাল্ব ও কুলায়ব নাম রাখতে নিষেধ করেছেন।

শিক্ষা : আল্লাহ তা‘আলা আমাদেরকে উল্লেখিত নিষেধকৃত নাম রাখা থেকে পুরোপুরি বিরত থাকার তাওফীক দান করুন এবং বিরত থাকা আমাদের সকলের উচিত যেহেতু হাদীসে নিষেধ রয়েছে।

(শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ১৩-[২১৩৮]; তুহফাতুল আহওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮৩৫) [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75478>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন